দৈনিক খবর

তারিখ 27 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

19

পাসের হার ৬৫.২৮

# ডিপ্লোমা–ইন–কমার্স পরীক্ষার ফল প্রকাশিত

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন ১৯৯২ সালের ডিপ্লোমা–ইন–কমার্স পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে।

মোট ২ হাজার ১১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৯৪ জন প্রথম বিভাগে এবং ৮১১

২ এর পাতায় দেখুন

## ডিপ্লোমা

প্রথম পৃষ্ঠার পর

জন দ্বিতীয় বিভাগে পাস করেছে। পাসের হার শতকরা ৬৫·২৮ ভাগ।

বাংলা সেক্রেটারিয়াল সায়েন্সে দিনাজপুর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের ছাত্র মোঃ আক্তার আলী সরকার (রোল নং দিনাজপুর ৭৯) প্রথম স্থান অধিকার করেছে। ইংরেজী সেক্রেটারিয়াল সায়েন্সে কুষ্টিয়া গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের ছাত্র প্রণব কুমার পাল (রোল নং কুষ্টিয়া–৩২০) প্রথম স্থান, একাউন্টিং–এ ঢাকা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের ছাত্র মোহাম্মদ মাহবুব আলম (রোল ঢাকা–৪০২) প্রথম স্থান এবং বহু ভাষী কুমিল্লা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের ছাত্র মোহাম্মদ সুলাইমান (কুমিল্লা–১৬০০) প্রথম স্থান অধিকার করেছে। তথ্য বিবরণী